

শ্রেণি - তৃতীয়
অর্থ বার্ষিক - ২০২৪
পদ্য - হাসি

শিক্ষকের নামঃ ফাতেমা নাবিলা

১। পদ্যটি রিডিং ও আলোচনা। (কবিতা মুখস্ত প্রথম আট লাইন, কবির নাম সহ।)

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখ।

হাসতে নাকি জানে না কেউ কে বলেছে ভাই? এই শোন না, কত হাসির খবর বলে যাই। খোকন হাসে ফোকলা দাঁতে, চাঁদ হাসে তার সাথে সাথে, কাজল বিলে শাপলা হাসে, হাসে সবুজ ঘাস, খলসে মাছের হাসি দেখে হাসেন পাতিহাঁস। টিয়ে হাসে রাজা ঠোঁটে, ফিঙের মুখেও হাসি ফোটে, বোয়াল মাছের দেখলে হাসি পিলে চমকে যায়। এত হাসি দেখেও যারা গোমড়া মুখে চায়, তাদের দেখে পঁ্যাচার মুখেও কেবল হাসি পায়।

২। শব্দার্থঃ

- ক) ফোকলা - দাঁতহীন
- খ) বিল - স্রোতহীন জলাশয়
- গ) রাজা - রজ্জিন
- ঘ) গোমরা - গম্ভীর
- ঙ) খবর - সংবাদ

৩। বাক্য গঠনঃ

- ক) খবর - হাসির খবর শুনবে।
- খ) ফোকলা - খোকন হাসে ফোকলা দাঁতে।
- গ) রাজা - টিয়ে হাসে রাজা ঠোঁটে।
- ঘ) গোমড়া - গোমড়া মুখ করে থেকে না।

৪। শূন্যস্থান পূরণঃ

- ক) এই শোন না কত হাসির খবর বলে যাই।
- খ) চাঁদ হাসে তার সাথে সাথে।
- গ) টিয়ে হাসে রাজা ঠোঁটে।
- ঘ) বোয়াল মাছের দেখলে হাসি পিলে চমকে যায়।
- ঙ) তাদের দেখে পঁ্যাচার মুখেও কেবল হাসি পায়।

৫। প্রশ্নোত্তরঃ

- ক) খোকন কিভাবে হাসে?
- উঃ খোকন ফোকলা দাঁতে হাসে।
- খ) কাজল বিলে কে হাসে?

উঃ শাপলা হাসে কাজল বিলে।

গ) কার হাসি দেখে পিলে চমকে যায়?

উঃ বোয়াল মাছের হাসি দেখে পিলে চমকে যায়।

ঘ) কাদের দেখে পৈঁচার মুখে হাসি পায়?

উঃ যারা গোমড়া মুখে চায় তাদের দেখে পৈঁচার মুখে হাসি পায়।

ঙ) খলসে মাছের হাসি দেখে কে হাসে?

উঃ খলসে মাছের হাসি দেখে পাতিহাঁস হাসে।

৬। পাঁচটি পাখি ও পাঁচটি মাছের নাম লিখিঃ

- পাঁচটি পাখির নামঃ দোয়েল, কোয়েল, ময়না, টিয়া, শালিক।
- পাঁচটি মাছের নামঃ রুই, কাতলা, ইলিশ, চিংড়ি, বোয়াল।